অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/3/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল পরিবহন ও অর্থনৈতিক বিকাশ সম্পর্কিত প্রশাসনিক মনোনীতদের নিশ্চিত করে ঘোষণা করলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে নতুন পরিবহন ও অর্থনৈতিক বিকাশ সম্পর্কিত প্রশাসনিক মনোনীতদের নিশ্চিতকারী ঘোষণা প্রদান করলেন।

"আমার প্রশাসন যখন নিউ ইয়র্ককে একটি নতুন যুগের দিকে নিয়ে যাচ্ছে, তখন আমাদের পরিবহন ও অর্থনৈতিক বিকাশ লক্ষ্যসমূহ অর্জন করতে আমাদের চারপাশে যাতে সেরাদের সেরারা থাকে তা অত্যাবশ্যকীয়," **গভর্নর হোকল বলেন।** "আজকের মনোনয়নসমূহ বোর্ডব্যাপী এজেন্সিগুলির বিভিন্ন চাহিদা পূরণ করে এবং নিঃসন্দেহে মনোনীতরাই এইসব পদের জন্য সেরা নির্বাচন। আমি এই দলটির করা ভালো কাজ দেখতে উন্মুখ।"

রেনে ডেলগাডোকে ওয়ার্কার্স ক্ষতিপূরণ বোর্ডে (Workers Compensation Board) দায়িত্ব পালনের জন্য নিশ্চিত করা হয়েছে। মিস. ডেলগাডো নিউ ইয়র্ক স্টেট সরকারি কর্মকর্তা ফেডারেশন, AFL-CIO (New York State Public Employees Federation, AFL-CIO) এর একজন কাউন্সেল। এই পদে, মিস. ডেলগাডো সরকারি কর্মকর্তা ফেডারেশন সংক্রান্ত সামগ্রিক দরদাম চুক্তির পর্যবেক্ষণ ও প্রয়োগ করেন। AFL-CIO-তে মিস. ডেলগাডোর কাজের মধ্যে এছাড়াও ছিলো ইউনিয়ন সদস্যরা যাতে তাদের অধিকার ও দরদামের ক্ষমতা বুঝতে পারে তা নিশ্চিত করতে তাদের সাথে কথা বলা। AFL-CIO-তে তার কাজের পাশাপাশি মিস. ডেলগাডো, নিউ ইয়র্ক স্টেটের শ্রম ডিপার্টমেন্টে (New York State Department of Labor) এবং অ্যালবানি কাউন্টি জেলার অ্যাটর্নির অফিসে (Albany County District Attorney's Office) কাজ করেছেন। মিস. ডেলগাডো অ্যালবানিতে বাস করেন।

অ্যালিসিয়া গ্লেনকে গেটওয়ে ডেভেলপমেন্ট কর্পোরেশনের (Gateway Development Corporation) কমিশনারদের বোর্ডের জন্য নিশ্চিত করা হয়েছে। মিস. গ্লেন এমস্কয়ার্ডের (MSquared) প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা। এমস্কয়ার্ডের একটি নারী-মালিকানাধীন রিয়েল এস্টেট ডেভেলপমেন্ট এবং ইম্প্যাক্ট বিনিয়োগের প্ল্যাটফর্ম যা সরকারি খাত, নির্মাতা এবং বিনিয়োগকারীদের সাথে অংশীদারিত্ব করে মিশ্র ব্যবহারের প্রকল্প গঠন করে যার মধ্যে রয়েছে একটি বড় ব্যাপ্তির গৃহস্থালিসমূহের জন্য সাশ্রয়ী আবাসন। এর পূর্বে, মিস. গ্লেন মেয়র বিল ডে ব্লাসিওর অধীনে অর্থনৈতিক বিকাশের ডেপুটি মেয়র ছিলেন। মিস. গ্লেন এক দশকের বেশি সময় ধরে আরবান ইনভেস্টমেন্ট গ্রুপে (Urban Investment Group) গোল্ডম্যান স্যাকসের

(Goldman Sachs) সাথে ছিলেন। মিস. গ্লেন এমহার্স্ট কলেজের (Amherst College) একজন গ্র্যাজুয়েট।

লিসা গোমেজকে নিউ ইয়র্ক স্টেট পরিচালকদের বোর্ডের (State of New York Board of Directors) ডর্মিটরি কর্তৃপক্ষ হিসেবে নিশ্চিত করা হয়েছে। মিস. গোমেজ L&M ডেভেলপমেন্টের (L&M Development) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা, তিনি আট বছর প্রধান পরিচালনা কর্মকর্তা হিসেবে কাজ করার পর 2021 সালে এই দায়িত্ব গ্রহণ করেন। L&M ডেভেলপমেন্টের মনোযোগ হলো আবাসন সংরক্ষণ ও বিকাশ ডিপার্টমেন্ট (Department of Housing Preservation and Development, HPD) ও নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের (New York City Housing Authority. NYCHA) মতো স্থানীয় এজেন্সিসমূহের সাথে কাজ করে প্রয়োজনীয় সাশ্রয়ী আবাসনের ব্যবস্থা করা। L&M-এ যোগদানের পূর্বে, মিস. গোমেজ ব্লুমবার্গ (Bloomberg) এবং কোচ প্রশাসনে (Koch Administration) দায়িত্ব পালন করেছেন এবং বেসরকারি খাতে JP মরগান ও সিলভারস্টেইন প্রোপার্টিজের (JP Morgan and Silverstein Properties) সাথে কাজ করেছেন। মিস. গোমেজের লুইজিয়ানা স্টেট ইউনিভার্সিটি (Louisiana State University, LSU) থেকে একটি ব্যাচেলর অফ আর্টস ডিগ্রি রয়েছে।

মাইকেল হিউজকে নায়াগ্রা ফ্রন্টিয়ার পরিবহন কর্তৃপক্ষের (Niagara Frontier Transportation Authority) প্রধান হিসেবে নিশ্চিত করা হয়েছে। মি. হিউজ নায়াগ্রা ফ্রন্টিয়ার পরিবহন কর্তৃপক্ষের বোর্ডে থাকার 14 বছরের অভিজ্ঞতা নিয়ে এই পদে আসছেন। নায়াগ্রা ফ্রন্টিয়ার পরিবহন কর্তৃপক্ষের প্রতি তার অঙ্গীকারের পাশাপাশি, মি. হিউজ বর্তমানে একজন সিনিয়র ভাইস প্রেসিডেন্ট এবং প্রধান প্রশাসনিক কর্মকর্তা হিসেবে কালিডা হেলথে (Kaleida Health) কাজ করছেন। কালিডা হলো পশ্চিম নিউ ইয়র্ক স্টেটের সর্ববৃহৎ স্বাস্থ্যসেবা প্রদানকারী, এবং তাছাড়াও এটি 13,000-র বেশি মানুষকে চাকরিদান করে পশ্চিম নিউ ইয়র্কের সর্ববৃহৎ চাকরিদাতা। মি. হিউজ তার ক্যারিয়ার শুরু করেন ইরি কাউন্টি আইনসভার একজন স্বেচ্ছাসেবী সহকারী হিসেবে, যেখান থেকে তিনি অবশেষে ইরি কাউন্টি নির্বাহীর অফিসের যোগাযোগ পরিচালক হন। এছাড়াও মি. হিউজ বর্তমানে তার স্থানীয় সম্প্রদায়ে ওয়েস্ট সেনেকা টাউন জোনিং আপিল বোর্ডের (Town of West Seneca Zoning Board of Appeals) একজন সদস্য হিসেবে, এবং এমহার্স্ট টাউন চেম্বার অফ কমার্স পলিসি পরিষদের (Town of Amherst Chamber of Commerce Policy Council) একজন উপদেষ্টা সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন।

কেভিন ল'কে আরবান ডেভেলপমেন্ট কর্পোরেশনের (Urban Development Corporation, UDC) পরিচালক হিসেবে নিশ্চিত করা হয়েছে এবং তাকে UDC-র প্রধান হিসেবে আখ্যায়িত করা হবে। তিনি ট্রাইটেক রিয়েল এস্টেট ডেভেলপমেন্ট কোম্পানির (TritecReal Estate Development Company) পার্টনার এবং নির্বাহী ভাইস প্রেসিডেন্ট, যেখানে তিনি নেতৃবৃন্দের দলের একটি অংশ এবং ফার্মের সাশ্রয়ী আবাসন দলের (Affordable Housing Team) প্রধান। জনাব ল্য গত দশ বছর ধরে লং আইল্যান্ড আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের (Long Island Regional Economic Development Council) সহ-সভাপতির দায়িত্ব পালন করছেন। এর পূর্বে, ল লং আইল্যান্ড অ্যাসোসিয়েশনের (Long Island Association, LIA) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ছিলেন যেখানে তিনি লং আইল্যান্ড ও এর ব্যবসা

সম্প্রদায়কে প্রভাবিত করে একজন মুখ্য কৌশলী ও অ্যাডভোকেট ছিলেন। LIA-তে তার মেয়াদের আগে, ল্য লং আইল্যান্ড পাওয়ার অথরিটির (Long Island Power Authority, LIPA) প্রেসিডেন্ট এবং CEO ছিলেন, যা দেশের দ্বিতীয় বৃহত্তম পাবলিক ইউটিলিটি। ল্য পূর্বে সাফোক কাউন্টির প্রধান ডেপুটি কাউন্টি এক্সিকিউটিভ হিসাবে কাজ করেছেন এবং একটি আন্তর্জাতিক আইন সংস্থা নিক্সন পিবডি এলএলপির (Nixon Peabody LLP) লং আইল্যান্ড অফিসের ব্যবস্থাপক অংশীদার ছিলেন। ল্য স্টোনি ব্রুক ইউনিভার্সিটি কাউন্সিলের (Stony Brook University Council) চেয়ারম্যান হিসাবে কাজ করেন এবং মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটির (Metropolitan Transportation Authority, MTA) বোর্ডে কাজ করেন। এছাড়াও, তিনি লং আইল্যান্ড হাউজিং পার্টনারশিপের (Long Island Housing Partnership) চেয়ারম্যান এবং এক্সিলারেট লং আইল্যান্ডের চেয়ারম্যান। ল'য়ের সাফোক কাউন্টি কমিউনিটি কলেজ থেকে একটি অ্যাসোসিয়েট অফ আর্টস (Associate in Arts , AA) ডিগ্রি রয়েছে, নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY), স্টোনি ব্রুক ইউনিভার্সিটি থেকে একটি ব্যাচেলর অফ আর্টস ডিগ্রি রয়েছে, নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটির (City University of New York, CUNY), হান্টার কলেজের (Hunter College) গ্র্যাজুয়েট স্কুল অফ আরবান অ্যাফেয়ার্স অ্যান্ড প্ল্যানিং (Graduate School of Urban Affairs and Planning) থেকে একটি মাস্টার ইন সাইন্স ডিগ্রি রয়েছে, সেইন্ট জন ইউনিভার্সিটি ল স্কুল (St. John's University School of Law) থেকে একটি জুরিস ডক্টর (Juris Doctor, JD) ডিগ্রি রয়েছে।

জো মার্টেন্সকে অলিম্পিক আঞ্চলিক বিকাশ কর্তৃপক্ষের (Olympic Regional Development Authority) জন্য নিশ্চিত করা হয়েছে। মি. মার্টেন্স নিউ ইয়র্ক অফশোর উইন্ড অ্যালায়েন্সের (New York Offshore Wind Alliance) পরিচালক, এটি ব্যবসা, শ্রমিক এবং পরিবেশ সংক্রান্ত সংগঠনের একটি কোয়ালিশন যারা নিউ ইয়র্কের উপকূলে অফশোর বায়ু শক্তি বিকাশের প্রচার করতে অঙ্গীকারবদ্ধ।এর পূর্বে তিনি ওপেন স্পেস ইনস্টিটিউটের (Open Space Institute) একজন সিনিয়র ফেলো ছিলেন, এটি একটি আঞ্চলিক ভূমি সংরক্ষণ সংগঠন যা মেইন থেকে জর্জিয়া পর্যন্ত হাজার হাজার একর ভূমির সুরক্ষা করেছে।তিনি 2011 সালের মার্চ থেকে 2015 সালের জুলাই পর্যন্ত এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্টের (Department of Environmental Conservation, DEC) কমিশনার হিসেবে কাজ করেছেন। মি. মার্টেন্স এজেন্সিটিকে এর কেন্দ্রীয় সংবিধিবদ্ধ মিশন, জনস্বাস্থ্য ও পরিবেশ রক্ষা করা, বাস্তবায়নে নেতৃত্ব দিয়েছেন। মি. মার্টেন্স 1992-94 পর্যন্ত শক্তি ও পরিবেশের ডেপুটি সচিব হিসেবে এবং 1990-92 পর্যন্ত একজন সহকারী সচিব হিসেবে গভর্নর মারিও কুওমোর অধীনে দায়িত্ব পালন করেছেন। তিনি অলিম্পিক আঞ্চলিক ডেভেলপমেন্ট কর্তৃপক্ষের বোর্ডের প্রধান, এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের (Environmental Facilities Corporation, EFC) প্রধান ছিলেন এবং শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (Energy Research and Development Authority) বোর্ডের সদস্য ছিলেন।

ব্রায়ান ও'ডোয়াইয়ারকে গেমিং কমিশনে (Gaming Commission) দায়িত্ব পালনের জন্য নিশ্চিত করা হয়েছে। তিনি ও'ডোয়াইয়ার বার্নস্টিনের একজন পার্টনার, তার বাবা পল ও'ডোয়াইয়ার এটির প্রতিষ্ঠা করেছিলেন। একজন পার্টনার হিসেবে, মি. ও'ডোয়াইয়ার ব্যক্তিগত আঘাত, নির্মাণ দুর্ঘটনা, অভিবাসন অধিকার, এবং শ্রমিক সম্পর্কে মনোযোগ প্রদান করেন। 2011 সালের জুন মাসে, স্টেটের সচিব হিলারি ক্লিনটন তাকে জাতিসংঘ শিক্ষা, বিজ্ঞান

ও সাংস্কৃতিক সংগঠনের (United Nations Educational, Scientific and Cultural Organization, UNESCO) জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয় কমিশনের (United States National Commission) কমিশনার হিসেবে নিয়োগদান করেন। মি. ও'ডোয়াইয়ারের জর্জ ওয়াশিংটন থেকে একটি ব্যাচেলর অফ আর্টস ডিগ্রি, মিডলবেরি থেকে একটি মাস্টার অফ আর্টস ডিগ্রি এবং জর্জটাউন থেকে একটি JD ডিগ্রি রয়েছে।

মারিশা শোরস্টিনকে গেমিং কমিশনে দায়িত্ব পালনের জন্য নিশ্চিত করা হয়েছে। মিস. শোরস্টিন সম্প্রতি গভর্নর হোকলের জন্য নির্বাহী ট্রানজিশনের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন এবং বর্তমানে তিনি SKDK-র প্রিন্সিপ্যাল। এই ভূমিকায়, মিস. শোরস্টিন ক্লায়েন্টদেরকে কৌশলী যোগাযোগ এবং পাবলিক অ্যাফেয়ার্স ব্যাপারে পরামর্শ দান করেন। মিস. শোরস্টিনের পূর্বে AT&T (AT&T) এর উত্তরপূর্ব অঞ্চলের প্রেসিডেন্ট হিসেবে কাজ করার অভিজ্ঞতা আছে, যেখানে তিনি কোম্পানির এক্সটার্নাল অ্যাফেয়ার্স পর্যবেক্ষণ করতেন। মিস. শোরস্টিন এর পূর্বে গভর্নর ডেভিড প্যাটার্সনের নির্বাহী চেম্বারে প্রেস সচিব এবং ডেপুটি কমিশনার পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

রব সিম্পসনকে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) পরিচালকদের বোর্ডে দায়িত্ব পালনের জন্য নিশ্চিত করা হয়েছে। মি. সিম্পসন আপস্টেট থেকে এসেছেন এবং তিনি সিরাকিউজে কাজ করেন। মি. সিম্পসন সেন্টারস্টেট ইন সিরাকিউজ NY-র (Centerstate in Syracuse NY) প্রধান নির্বাহী কর্মকর্তা। সেন্টারস্টেট একটি স্বাধীন, অর্থনৈতিক ব্যবসা বিকাশ কৌশল, এবং চেম্বার অফ কমার্স। প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে, মি. সিম্পসন নিজেদের ব্যবসা সম্প্রসারণে ইচ্ছুক স্থানীয় কোম্পানি এবং সংগঠনকে নিজের অভিজ্ঞতা প্রদান করতে সাহায্য করেন। এছাড়া মি. সিম্পসন সেন্ট্রাল আপস্টেট আঞ্চলিক অ্যালায়েন্সের (Central Upstate Regional Alliance) নির্বাহী পরিচালক এবং সিরাকিউজের ব্যবসা ইনকিউবেটর, টেক গার্ডেনের (Tech Garden) প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করছেন। সিম্পসনের কোলগেট (Colgate) থেকে একটি ব্যাচেলর অফ আর্টস এবং সিরাকিউজের ম্যাক্সওয়েল স্কুল (Maxwell School) থেকে একটি মাস্টার্স ডিগ্রি রয়েছে।

লিসা সোরিনকে মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষের পরিচালকদের বোর্ডের জন্য নিশ্চিত করা হয়েছে। মিস. সোরিন ব্রঙ্কস চেম্বার অফ কমার্সের (Bronx Chamber of Commerce) প্রেসিডেন্ট। মিস. সোরিন ব্রঙ্কস চেম্বার অফ কমার্সের প্রথম মহিলা প্রেসিডেন্ট। প্রেসিডেন্ট হওয়ার পূর্বে, মিস. সোরিন চেম্বারের একজন সক্রিয় বোর্ড সদস্য ছিলেন। ব্রঙ্কস চেম্বার অফ কমার্সে যোগদানের পূর্বে, মিস. সোরিন 6 বছরের বেশি সময় ধরে ওয়েস্টচেস্টার স্কয়ার বিজনেস ইমপ্রুভমেন্ট জেলার (Westchester Square Business Improvement District) নির্বাহী পরিচালক ছিলেন। এই পদে, মিস. সোরিন ব্রঙ্কসের এই অংশে খুচরা বিক্রেতা, আবাসন ও উন্নত গণপরিবহন সংযোগের একটি মিশ্রণ আনতে কাজ করেছেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন